গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২১.০২.০০৪.২৬- ২৪৫৯

তারিখ: ২০ শ্রাবণ, ১৪৩৩
০৪ আগস্ট, ২০২৬

**বিষয়: কারাগারের নিরাপত্তা জোরদার, শৃঙ্খলা প্রতিষ্ঠা, জবাবদিহিতা বৃদ্ধি এবং স্টাফ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা।**

বাংলাদেশ কারা বিভাগের আধুনিকায়ন, শৃঙ্খলা প্রতিষ্ঠা, জবাবদিহিতা বৃদ্ধি এবং নিরাপত্তা ব্যবস্থা বিশ্লেষণে প্রতীয়মান হচ্ছে যে, কিছু কারাগারে দায়িত্ব পালনে অবহেলা, শৃঙ্খলাবোধের ঘাটতি এবং প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করার কারণে নিরাপত্তা ব্যবস্থা ঝুঁকির সম্মুখীন হচ্ছে। কারাগারে সংঘটিত যেকোনো অনাকাঙ্ক্ষিত বা নেতিবাচক ঘটনা সমগ্র কারা বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ন করে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। এ প্রেক্ষাপটে দেশের সকল কারাগারে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো—

১। **আফটার লকআপ ব্যবস্থা কঠোর নিয়ন্ত্রণ:** অত্যাবশ্যকীয় ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত ক্ষেত্র ব্যতীত আফটার লকআপ ব্যবস্থা নিরুৎসাহিত/বন্ধ রাখতে হবে। বিশেষ প্রয়োজনে জেলারের লিখিত অনুমোদন, নির্দিষ্ট সময়সীমা এবং সংশ্লিষ্ট রেজিস্টারে বাধ্যতামূলক এন্ট্রি নিশ্চিত করতে হবে।

২। **২৪ ঘণ্টা সিসিটিভি মনিটরিং নিশ্চিতকরণ:** প্রতিটি কারাগারে সিসিটিভি ফুটেজ সার্বক্ষণিক পর্যবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পৃথক মনিটরিং কক্ষ স্থাপন সম্ভব হলে তা করতে হবে এবং প্রশিক্ষিত ও আইটি-দক্ষ কারারক্ষীর মাধ্যমে ২৪ ঘণ্টা মনিটরিং নিশ্চিত করতে হবে। পৃথক কক্ষ সম্ভব না হলে এমন স্থানে মনিটর স্থাপন করতে হবে, যেখান থেকে নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণ সম্ভব।

৩। **দায়িত্বস্থল ত্যাগের বিরুদ্ধে জিরো টলারেন্স:** ডিউটিরত কোনো কারারক্ষী, সহকারী প্রধান কারারক্ষী, প্রধান কারারক্ষী বা অন্য কোনো গার্ডিং স্টাফ যথাযথ অনুমতি ব্যতীত দায়িত্বস্থল ত্যাগ করলে তাঁর বিরুদ্ধে প্রচলিত বিধি অনুযায়ী তাৎক্ষণিক লিখিত রিপোর্ট প্রণয়ন এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোনো প্রকার শৈথিল্য প্রদর্শন করা যাবে না।

৪। **তদারকি কর্মকর্তার জবাবদিহিতা:** গার্ডিং স্টাফের দায়িত্বে অবহেলা বা পোস্ট ত্যাগের ঘটনা গোপন করা, রিপোর্ট দাখিলে অনীহা প্রদর্শন করা অথবা যথাযথ ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তার দায়ও নির্ধারণ করা হবে।

৫। **পুনঃপুন গাফিলতিকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা:** একাধিকবার দায়িত্বে অবহেলার জন্য রিপোর্টভুক্ত গার্ডিং স্টাফদের পুনঃপ্রশিক্ষণ, কাউন্সেলিং ও মোটিভেশন প্রদান করতে হবে। প্রয়োজনে প্রশাসনিক স্বার্থে বদলি অথবা প্রচলিত বিধি অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। **প্রতিকূল আবহাওয়ায় বিশেষ সতর্কতা:** বৃষ্টি, বজ্রপাত বা অন্যান্য প্রতিকূল আবহাওয়ায় গার্ডিং স্টাফদের নিজ নিজ নিরাপত্তা পোস্টে অবস্থান নিশ্চিত করতে হবে এবং দায়িত্ব পালনে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হবে।

৭। **নিয়মিত তদারকি ও আকস্মিক পরিদর্শন:** কারাগারের সুপার, জেলার এবং অন্যান্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিত ও আকস্মিকভাবে নিরাপত্তা পোস্ট, সিসিটিভি মনিটরিং, গার্ড ডিউটি এবং নিরাপত্তা ব্যবস্থার কার্যকারিতা পরিদর্শন করবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪।৮।২৬

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ/সকল সদর দপ্তর;
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি জ্ঞাতার্থে:**

১। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
২। জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা নিরাপত্তা সেল/আইসিটি সেল(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), কারা অধিদপ্তর, ঢাকা;
৪। প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/ স্টাফ অফিসার/ডেপুটি জেলার (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৫। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৬। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা- মহোদয়ের সদয় অবগতির জন্য;